



# বাংলাদেশ

# গেজেট



## কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ১১, ২০২০

### সূচীপত্র

পৃষ্ঠা নং

পৃষ্ঠা নং

১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবন্দন প্রজ্ঞাপনসমূহ।

২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদনোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ।

৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।

৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি।

৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাস্ট, বিল ইত্যাদি।

৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।

৩৪১—৩৫২

৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবন্দন ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ।

৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিয়োগে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ।

৩৪৩—৩৫৭

ক্রেডিপ্রে—সংখ্যা

(১) .....সনের জন্য উৎপাদনমূল্যী শিল্পসমূহের শুমারী।  
(২) .....বৎসরের জন্য বাংলাদেশের শিল্প চূড়ান্ত আনুমানিক হিসাব।

৩৩—৪৩

(৩) .....বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব।

(৪) .....কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব।

নাই

(৫) .....তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সামগ্ৰিক পরিসংখ্যান।

৩৪১—৩৫১

(৬) .....ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা।

### ১ম খণ্ড

#### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবন্দন প্রজ্ঞাপনসমূহ।

অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ  
পরিবীক্ষণ-১ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ২১ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ / ৪ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

নং ০৭.০০.০০০০.০৯৫.০০.০১২.১৬-৭—অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের আওতায় অলাভজনক কোম্পানী হিসেবে গঠিত ‘জাতীয় মানব সম্পদ উন্নয়ন তহবিল (NHRDF)’-এর Company Secretary পদে অর্থ বিভাগের উপপ্রধান দিলরুবা শাহীনা-কে এবং Deputy General Manager (Finance and Disbursement) পদে অর্থ বিভাগের সিনিয়র সহকারী প্রধান জনাব ড. মোঃ মতিউর রহমান-কে তাঁদের নিজ নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসেবে নিয়োগ প্রদান করা হ’ল। তাঁদের এ নিয়োগ নিম্নবর্ণিত শর্তাবলি দ্বারা পরিচালিত হবে:

- (ক) NHRDF-এর একজন পূর্ণকালীন Company Secretary ও Deputy General Manager (Finance and Disbursement) নিয়োগ দেয়ার পূর্ব পর্যন্ত অথবা এ বিষয়ে সরকারের ভিত্তিপূর্ণ সিদ্ধান্তের পূর্ব পর্যন্ত তাঁরা স্ব স্ব পদে বহাল থাকবেন।
- (খ) উপর্যুক্ত অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য তাঁরা NHRDF-এর পরিচালনা পর্ষদ (Board of Directors) কর্তৃক নির্ধারিত হারে দায়িত্ব তাত্ত্ব প্রাপ্ত হবেন।
- (গ) জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মন্ত্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

২। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের গত ১২-০৬-২০১৭ তারিখের ০৭.০০.০০০০.০৯৭.০০.০১২-১৬-৪৭ সংখ্যক ও ৩১-৫-২০১৮ তারিখের ০৭.০০.০০০০.০৯৭.০০.০১২-১৬-৫০ সংখ্যক প্রজ্ঞাপনমূলে যথাক্রমে অর্থ বিভাগের SEIP প্রকল্পের প্রাক্তন সহকারী নির্বাহী প্রকল্প পরিচালক (বর্তমানে যুগ্মসচিব) জনাব সৈয়দ নাসির এরশাদ- কে NHRDF এর Company Secretary পদে এবং অর্থ বিভাগের প্রাক্তন সিনিয়র সহকারী সচিব (বর্তমানে উপসচিব ও সহকারী নির্বাহী প্রকল্প পরিচালক, SEIP প্রকল্প) জনাব মোহাম্মদ ফিজনূর রহমান-কে NHRDF এর Deputy General Manager (Finance and Disbursement) পদে নিয়োগের আদেশ এতদ্বারা বাতিল করা হ'ল।

মোঃ ফিরোজ হাসান  
সিনিয়র সহকারী সচিব।

**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ  
কেন্দ্রীয় ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২২ মাঘ ১৪২৬/০৫ ফেব্রুয়ারি ২০২০

নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০২১.১৭-৯৮—বীমা কর্পোরেশন আইন, ২০১৯ এর ৯(১)(ক) ধারার বিধান অনুযায়ী সরকারের সাবেক সচিব জনাব মোঃ মাকসুদুল হাসান খান-কে জীবন বীমা কর্পোরেশন এর পরিচালনা পর্যবেক্ষণ দলে চেয়ারম্যান হিসেবে তাঁর যোগদানের তারিখ থেকে সর্বোচ্চ ০২(দুই) বছরের জন্য নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২৩ মাঘ ১৪২৬/০৬ ফেব্রুয়ারি ২০২০

নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০২১.১৭-৯৮—প্রবাসী কল্যাণ ব্যাংক আইন, ২০১০ এর ধারা ১০(১) (জ) অনুযায়ী বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি হিসেবে জনাব মোহাম্মদ মাসুম কামাল ভুঁইয়া এর পরিবর্তে নির্বাহী পরিচালক জনাব এ, কে, এম ফজলুল হক মিএও-কে যোগদানের তারিখ থেকে ০৩ (তিনি) বছর অথবা তাঁর পিআরএল-এ গমনের পূর্ব পর্যন্ত (যেটি পূর্বে হয়) প্রবাসী কল্যাণ ব্যাংকের পরিচালনা পর্যবেক্ষণ দলে পরিচালক হিসেবে নিয়োগ দেওয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
শেখ সিদ্দিকুর রহমান  
সিনিয়র সহকারী সচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
সলিসিটর অনুবিভাগ (জিপি/পিপি শাখা)**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ০২ ফেব্রুয়ারি ২০২০ খ্রি:

নং ০২-সলিসিটর/২০০৯(অংশ-১)-১৩—বাংলাদেশ সুপ্রীম কোর্টের সহকারী অ্যাটর্নি জেনারেল জনাব জায়েদী হাসান খান কর্তৃক দাখিলকৃত পদত্যাগ পত্রটি সরকার পক্ষে গৃহীত হয়েছে।

ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
রঞ্জা নাহিদ আকতার  
সলিসিটর।

## বিচার শাখা-৭

## আদেশ

তারিখ : ০২ ফেব্রুয়ারি ২০২০ খ্রিঃ

নং বিচার-৭/২-এন-০৯/৮৮-২৫—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে মোহাম্মদ আব্দুল খালেক, পিতা-মৃত মোহাম্মদ আব্দুল কুদুচ, মাতা-মৃত ছালমা খাতুন, গ্রাম-পূর্ব শাকপুরা, ডাকঘর-শাকপুরা, উপজেলা-বোয়ালখালী, জেলা-চট্টগ্রাম। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চট্টগ্রাম জেলার বোয়ালখালী উপজেলার ০৪ নং শাকপুরা ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষষ্ঠি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে, শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

বুলবুল আহমেদ  
সিনিয়র সহকারী সচিব।

## বন্ধ ও পাট মন্ত্রণালয়

## পাট-১ অধিশাখা

## প্রজ্ঞাপন

তারিখ : ০৫ ফেব্রুয়ারি ২০২০/২২ মাঘ ১৪২৬

নং ২৪.০০.০০০০.১১৮.০৬.০১৮.১৭.৪২—বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ইন্টারপ্রাইজেস (ন্যাশনালাইজেশন) অর্ডার (পি.ও-২৭)-১৯৭২ এর ৫(বি) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত সরকার রাষ্ট্রায়ত্ব নিয়ন্ত্রিত পাটকলসমূহের এন্টারাইজ বোর্ড নিয়ন্ত্রণভাবে গঠন করলেন :

নং	মিলের নাম	প্রতিনিধির নাম/পদবি	মন্ত্রণালয়/সংস্থার নাম	পর্যন্ত সভার পদবি
০১।	এমএম জুট মিলস্লিং	পরিচালক (বিপণন)	বিজেএমসি	চেয়ারম্যান
		(১) সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১)	বন্ধ ও পাট মন্ত্রণালয়	পরিচালক
		(২) জনাব মুহাম্মদ আবুল কাসেম, উপসচিব	অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়	পরিচালক
		(৩) উপ-মহাব্যবস্থাপক (পাট)/মহাব্যবস্থাপক (পাট)	বিজেএমসি	পরিচালক
		(৪) আঞ্চলিক সমন্বয়কারী কর্মকর্তা	বিজেএমসি, চট্টগ্রাম অঞ্চল	পরিচালক
		(৫) মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক	স্থানীয় অঞ্চলী ব্যাংক লিং	পরিচালক
		(৬) প্রকল্প প্রধান	এমএম জুট মিলস্লিং	পরিচালক
০২।	আরআর জুট মিলস্লিং	পরিচালক (গমানি)	বিজেএমসি	চেয়ারম্যান
		(১) উপ-প্রধান (পরিকল্পনা)	বন্ধ ও পাট মন্ত্রণালয়	পরিচালক
		(২) জনাব মুহাম্মদ আবুল কাসেম, উপসচিব	অর্থ মন্ত্রণালয়	পরিচালক
		(৩) মহাব্যবস্থাপক (প্রশাসন ও সাধাসংস্কারণ)	বিজেএমসি	পরিচালক
		(৪) আঞ্চলিক সমন্বয়কারী কর্মকর্তা	বিজেএমসি, চট্টগ্রাম অঞ্চল	পরিচালক
		(৫) মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক	স্থানীয় অঞ্চলী ব্যাংক লিং	পরিচালক
		(৬) প্রকল্প প্রধান	আরআর জুট মিলস্লিং	পরিচালক

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মাকসুদা বেগম সিন্দিকা  
উপসচিব।

## মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়

সরকারি কলেজ-৩ অধিশাখা

অফিস আদেশ

তারিখ : ১২ মাঘ ১৪২৬/২৬ জানুয়ারি ২০২০

নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০০৩.২০২০.৮০—যেহেতু, জনাব খাজা মোঃ ওয়াহিদুর রহমান (২৫৩১৬), প্রভাষক (বাংলা), সরকারি সফর আলী কলেজ, আড়িইহাজার, নারায়ণগঞ্জ এর স্ত্রী মোসাম্মে রুবাইয়া আবেদীন রিমি কর্তৃক চীফ মেট্রোপলিটন ম্যাজিস্টেট আদালত, চট্টগ্রাম এ ১৮-০৯-২০১৯ তারিখের আদেশে আসামীর বিরুদ্ধে যৌতুক নিরোধ আইন-২০১৮ এর ৩ ধারায় অপরাধ আমলে গ্রহণ করেন। পরবর্তীতে ২৯-১২-২০১৯ তারিখে তাকে ঘেফতারি পরোয়ানা তামিল করেন;

যেহেতু, জনাব খাজা মোঃ ওয়াহিদুর রহমান-কে বি.এস.আর (পার্ট-১) এর ৭৩ বিধি এর নোট-২ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরেন্ডাম নং-ED(Reg.VII) S-১২৩/৭৮-১১৫ (৫০০), তারিখ : ২১ নভেম্বর ১৯৭৮ মোতাবেক ২৯-১২-২০১৯ তারিখ হতে ভূতাপেক্ষভাবে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা প্রয়োজন;

সেহেতু, জনাব খাজা মোঃ ওয়াহিদুর রহমান (২৫৩১৬), প্রভাষক (বাংলা), সরকারি সফর আলী কলেজ, আড়িইহাজার, নারায়ণগঞ্জ-কে বি.এস.আর (পার্ট-১) এর ৭৩ বিধি এর নোট-২ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরেন্ডাম নং-ED (Reg. VII) S-১২৩/৭৮-১১৫ (৫০০), তারিখ : ২১ নভেম্বর ১৯৭৮ অনুযায়ী ২৯-১২-২০১৯ তারিখ থেকে ভূতাপেক্ষভাবে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

২। প্রচলিত নিয়মে তিনি সাময়িকভাবে বরখাস্তকালীন খোরপোষ ভাতা পাবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মাহবুব হোসেন  
সচিব।

## মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

শিশু শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ৭ মাঘ ১৪২৬/২১ জানুয়ারি ২০২০

নং ৩২.০০.০০০০.০৮১.৩০.০০৫.১৪-১৬—বাংলাদেশ শিশু একাডেমী আইন ২০১৮ এর ৬(১) ধারামতে বাংলাদেশ শিশু একাডেমির নিম্নরূপ ব্যবস্থাপনা বোর্ড নির্দেশক্রমে গঠন করা হইলো:

চেয়ারম্যান	
১.	চেয়ারম্যান, বাংলাদেশ শিশু একাডেমী
সদস্যবৃন্দ	
২.	মহাপরিচালক, বাংলা একাডেমী;
৩.	মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমী;
৪.	ডিন, চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়;
৫.	অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (শিশু ও সমন্বয়), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬.	অর্থ বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের অন্যন্য যুগ্মসচিব পদমর্যাদার ১(এক) জন প্রতিনিধি;
৭.	সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের অন্যন্য যুগ্মসচিব পদমর্যাদার ১(এক) জন প্রতিনিধি;
৮.	তথ্য মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের অন্যন্য যুগ্মসচিব পদমর্যাদার ১(এক) জন প্রতিনিধি;
৯.	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের অন্যন্য যুগ্মসচিব পদমর্যাদার ১(এক) জন প্রতিনিধি;
১০.	প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের অন্যন্য যুগ্মসচিব পদমর্যাদার ১(এক) জন প্রতিনিধি;
১১.	স্বাস্থ্যসেবা বিভাগ কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের অন্যন্য যুগ্মসচিব পদমর্যাদার ১(এক) জন প্রতিনিধি;

১২.	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের অন্যন্য যুগ্মসচিব পদবর্যাদার ১(এক) জন প্রতিনিধি;
১৩.	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের অন্যন্য যুগ্মসচিব পদবর্যাদার ১(এক) জন প্রতিনিধি;
১৪.	পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের অন্যন্য যুগ্মসচিব পদবর্যাদার ১(এক) জন প্রতিনিধি;
১৫.	শিশু কল্যাণ পরিষদের ১(এক) জন প্রতিনিধি;
১৬.	জনাব মাহমুদু আজগার, নির্বাহী পরিচালক, ইপ্সিটিটিউট অফ চাইল্ড এন্ড হিউম্যান ডেভেলপমেন্ট (আইসিএইচডি), ঢাকা (সরকার কর্তৃক মনোনীত)
১৭.	জনাব জাকিয়া কে হাসান, নির্বাহী পরিচালক, দীপ্তি ফাউন্ডেশন, ৩/৯০৪, ইষ্টার্ণ টাওয়ার, নিউ ইন্সট্রুমেন্ট, ঢাকা-১২১৭ (সরকার কর্তৃক মনোনীত)
১৮.	জনাব মালকা সামরোজ, চীফ অপারেটিং অফিসার, সূচনা ফাউন্ডেশন, ঢাকা (সরকার কর্তৃক মনোনীত)
১৯.	জনাব মাহবুবুল হক, নির্বাহী পরিচালক, ডন ফোরাম, ঢাকা (সরকার কর্তৃক মনোনীত)

**সদস্য-সচিব**

২০.	মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা
-----	-----------------------------------------

২। গঠিত বোর্ডের ১৬-১৯ ত্রিমিকের সরকার কর্তৃক মনোনীত সদস্যগণ প্রজ্ঞাপন জারির তারিখ হতে ৩(তিনি) বছরের জন্য স্বীয় পদে অধিষ্ঠিত থাকিবেন।

৩। সরকার কর্তৃক মনোনীত সদস্যগণের স্বীয় পদ হতে অব্যাহতি, পদত্যাগ ইত্যাদি বাংলাদেশ শিশু একাডেমি আইন, ২০১৮ অনুযায়ী পরিচালিত হইবে।

৪। জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোসাঃ সালমা আকতার  
সহকারী সচিব।

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়****প্রশাসন শাখা****প্রজ্ঞাপন**

তারিখ : ১৫ মাঘ ১৪২৬/২৯ জানুয়ারি ২০২০

নং ৪০.০০.০০০০.০১১.০৮০.০০৩.১৪-৭৫—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৫-০৫-২০১৩ তারিখের ০৫.১৭০.০২২.০২০.০০.০৪৩.২০১০.১৪৩ সংখ্যক পত্রের নির্দেশনামতে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের রাজস্ব খাতভুক্ত গ্রেড ১৩—১৬ (৩য় শ্রেণি) ও গ্রেড ১৭—২০ (৪র্থ শ্রেণি)’র পদসমূহের সরাসরি নিয়োগ/পদোন্নতি/সিলেকশন গ্রেড ইত্যাদি বিষয় সম্পাদনের নিমিত্ত নিম্নোক্তভাবে বিভাগীয় নির্বাচন কমিটি গঠন করা হল :

সভাপতি	
১.	অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সদস্যবৃন্দ	
২.	উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (জনপ্রশাসন মন্ত্রণালয় এর প্রতিনিধি)
৩.	উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর প্রতিনিধি)
৪.	বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় (একজন উপযুক্ত প্রতিনিধি)
সদস্য-সচিব	
৫.	উপসচিব/সিনিয়র সহকারী সচিব (প্রশাসন), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

২। কমিটির কার্যপরিধি নিম্নরূপ :

(ক) এই কমিটি রাজস্ব খাতভুক্ত গ্রেড ১৩—১৬ (৩য় শ্রেণি) ও গ্রেড ১৭—২০ (৪র্থ শ্রেণি)’র পদসমূহের সরাসরি নিয়োগ/পদোন্নতির মাধ্যমে পূরণের জন্য প্রার্থী বাছাই/পদোন্নতিযোগ্য ফিলার পদ বাছাই করার ক্ষেত্রে সুপারিশ প্রদান করবে; এবং

(খ) এই কমিটি হোড ১৩-১৬ (৩য় শ্রেণি) ও হোড ১৭-২০ (৪র্থ শ্রেণি)'র পদসমূহের সরাসরি নিয়োগ/পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিধি এবং জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সংশ্লিষ্ট অফিস স্মারক/প্রজ্ঞাপন এর আলোকে সুপারিশ প্রদান করবে।

৩। এসংক্রান্ত গত ০৩-১২-২০১৯ তারিখে ৪০.০০.০০০০.০১১. ০৮০.০০৩.১৪.৩০৫ নং স্মারকের মাধ্যমে গঠিত বিভাগীয় নির্বাচন কমিটি বাতিল বলে গণ্য হবে এবং জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মনোয়ারা বেগম

সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)।

**বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়  
বিমান অধিশাখা**

**সংশোধিত প্রজ্ঞাপন**

তারিখ : ১২ মাঘ ১৪২৬ বং/২৬ জানুয়ারি ২০২০ খ্রি:

নং ৩০.০০.০০০০.০১৭.০৭.০১২.১৪(অংশ-১)-১০৮—কানাডার De Haviland কর্তৃক Government to Government (G to G) পদ্ধতিতে ২টি Dash-8-Q-400-NG উড়োজাহাজ ক্রয়ের জন্য Negotiation করার লক্ষ্যে নিম্নোক্তভাবে কমিটি গঠন করা হলো :

আহ্বায়ক	
১.	অতিরিক্ত সচিব, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়
সদস্যবৃন্দ	
২.	প্রতিনিধি, প্রধানমন্ত্রীর কার্যালয় (যুগ্মসচিব পর্যায়ের কর্মকর্তা)
৩.	প্রতিনিধি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (যুগ্মসচিব পর্যায়ের কর্মকর্তা)
৪.	প্রতিনিধি, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ (যুগ্মসচিব পর্যায়ের কর্মকর্তা)
৫.	প্রতিনিধি, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (যুগ্মসচিব পর্যায়ের কর্মকর্তা)
৬.	প্রতিনিধি, জাতীয় রাজস্ব বোর্ড (যুগ্মসচিব পর্যায়ের কর্মকর্তা)
৭.	প্রতিনিধি (এক বা একাধিক), বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড
সদস্য-সচিব	
৮.	যুগ্মসচিব (বিমান), বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়

২। কার্যপরিধি :

- (ক) কমিটি উড়োজাহাজ ২টির গুণগত মান বজায় রেখে মূল্য হ্রাসের লক্ষ্যে সংশ্লিষ্টদের সাথে আলোচনা করবে;
- (খ) বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড কমিটিকে প্রয়োজনীয় সাচিবিক সহায়তা প্রদান করবে;
- (গ) কমিটি প্রয়োজনে যে কোনো সদস্য কো-অপ্ট করতে পারবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সাবেরা আক্তার  
উপসচিব।

## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

## প্রজ্ঞাপন

তারিখ : ১৯ মাঘ ১৪২৬/০২ ফেব্রুয়ারি ২০২০

নং ৪৩.০০.০০০০.১১৬.০৬.০০১.২০.৮৮—সংস্কৃতি বিষয়ক  
মন্ত্রণালয়ের অনুকূলে ‘চারুশিল্প প্রতিষ্ঠান, থিয়েটারসমূহ’ এবং  
‘কল্যাণ অনুদান’ খাতের বরাদ্দ থেকে সাংস্কৃতিক প্রতিষ্ঠান এবং অসচ্ছল  
সংস্কৃতিসেবীদের ভাতা প্রদানের নীতি নির্ধারণ করবে  
এবং দিক নির্দেশনা প্রদান করবে;

## উপদেষ্টা

(১) মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

## সভাপতি

(২) সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

## সদস্যবৃন্দ

(৩) সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান

(৪) মহাপরিচালক, বাংলা একাডেমী

(৫) মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমী

(৬) মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন

(৭) মহাপরিচালক, বাংলাদেশ বেতার

(৮) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন  
কর্পোরেশন(৯) চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সংস্কৃতি বিষয়ক  
মন্ত্রণালয়

(১০) সম্মিলিত সাংস্কৃতিক জোটের একজন প্রতিনিধি

(১১) বাংলাদেশ সংগীত সংগঠন সমন্বয় পরিষদের একজন  
প্রতিনিধি

(১২) বাংলাদেশ গ্রুপ থিয়েটার ফেডারেশনের একজন প্রতিনিধি

(১৩) বাংলাদেশ আবৃত্তি সমন্বয় পরিষদের একজন প্রতিনিধি

(১৪) বাংলাদেশ নৃত্যশিল্পী সংস্থা এর একজন প্রতিনিধি

(১৫) বাংলাদেশ পথ নাটক পরিষদের প্রতিনিধি

(১৬) বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোটের একজন প্রতিনিধি

(১৭) বাঙালি সাংস্কৃতিক বন্ধন এর একজন প্রতিনিধি

## সদস্য-সচিব

(১৮) সংশ্লিষ্ট উপসচিব/সিনিয়র সহকারী সচিব, সংস্কৃতি বিষয়ক  
মন্ত্রণালয়।

## কমিটির কার্যপরিধি :

- (১) চারুশিল্প প্রতিষ্ঠান, থিয়েটারসমূহ এবং ‘কল্যাণ অনুদান’  
খাতের বরাদ্দ থেকে সাংস্কৃতিক প্রতিষ্ঠান এবং অসচ্ছল  
সংস্কৃতিসেবীদের ভাতা প্রদানের নীতি নির্ধারণ করবে  
এবং দিক নির্দেশনা প্রদান করবে;
- (২) বিভিন্ন স্থানীয় কমিটির মাধ্যমে প্রাপ্ত আবেদনসমূহের  
অনুকূলে ভাতা/অনুদান প্রদানের সুপারিশ প্রদান করবে।
- (৩) বিবিধ কার্যক্রম।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নওসাদ হোসেন  
উপসচিব (অধিশাখা-৭)।

শিল্প মন্ত্রণালয়  
পরিকল্পনা-০১ শাখা

## প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ২৬ মাঘ, ১৪২৬ বঃ/০৯ ফেব্রুয়ারি, ২০২০ খ্রি:

নং ৩৬.০০.০০০০.০৮২.১৪.০৬১.১৩(খন্ড-৮)/৪০—শিল্প  
মন্ত্রণালয়ের উদ্যোগে বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন  
(বিসিআইসি) কর্তৃক বাস্তবায়নার্থীন ‘মোড়াশাল পলাশ ইউরিয়া  
ফার্টিলাইজার প্রকল্প (জিপিইউএফপি)’-শীর্ষক প্রকল্পের জন্য  
Foreign Consultant নিয়োগের নিমিত্ত আহ্বানকৃত  
EoI মূল্যায়নের জন্য নিম্নোক্তভাবে Proposal Evaluation  
Committee (PEC) পুনর্গঠন করা হলো :

## কমিটির সদস্যবৃন্দ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

## আহ্বায়ক

(১) জনাব মোঃ লুৎফর রহমান, এফ.সি.এম.এ, পরিচালক  
(পরি. ও বাস্ত.), বিসিআইসি।

## সদস্যবৃন্দ

(২) জনাব ডাঃ মোঃ আখতারুজ্জামান, যুগ্ম-প্রধান,  
শিল্প মন্ত্রণালয়।

(৩) জনাব ড. মোঃ তোফায়েল আহমেদ চৌধুরী, অধ্যাপক,  
রসায়ন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

(৪) জনাব এজাজ হোসেন, অধ্যাপক, কেমিক্যাল বিভাগ,  
বুয়েট।

(৫) জনাব মোঃ আব্দুল ওয়াহহাব, অতিঃ প্রধান প্রকৌশলী,  
জিপিইউএফপি।

## সদস্য-সচিব

(৬) জনাব মোঃ রাজিউর রহমান মল্লিক, প্রকল্প পরিচালক,  
জিপিইউএফপি।

## কমিটির কার্যপরিধি :

Foreign Consultant নিয়োগের নিমিত্ত আহ্বানকৃত EoI  
সমূহ যথাযথ প্রক্রিয়ায় মূল্যায়ন করবে।

নং ৩৬.০০.০০০০.০৮২.১৪.০৬১.১৩(খন্ড-৪)/৮১—শিল্প  
মন্ত্রণালয়ের উদ্যোগে বাংলাদেশ কেমিক্যাল ইন্ডস্ট্রিজ কর্পোরেশন  
(বিসিআইসি) কর্তৃক বাস্তবায়নার্থীন ‘ডোডাশাল পলাশ ইউরিয়া  
ফার্টিলাইজার প্রকল্প (জিপিইউএফপি)-শীর্ষক প্রকল্পের Local  
Consultant নিয়োগের নিমিত্ত আহ্বানকৃত EoI/RFP মূল্যায়নের  
জন্য নিম্নোক্তভাবে Proposal Evaluation Committee (PEC)  
পুনর্গঠন করা হলো :

#### কমিটির সদস্যবৃন্দ (জ্যোঠার ভিত্তিতে নয়)

##### আহ্বায়ক

- (১) জনাব মোঃ লুৎফর রহমান, এফ.সি.এম.এ, পরিচালক  
(পরি. ও বাস্ত.), বিসিআইসি, ঢাকা।

##### সদস্যবৃন্দ

- (২) জনাব ডাঃ মোঃ আখতারুজ্জামান, যুগ্ম-প্রধান,  
শিল্প মন্ত্রণালয়।
- (৩) জনাব ড. তোফায়েল আহমেদ চৌধুরী, অধ্যাপক, রসায়ন  
বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- (৪) জনাব এজাজ হোসেন, অধ্যাপক, কেমিকোশল বিভাগ,  
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়।
- (৫) জনাব মোঃ আব্দুল ওয়াহব, অতিঃ প্রধান প্রকৌশলী,  
জিপিইউএফপি।

##### সদস্য-সচিব

- (৬) জনাব মোঃ রাজিউর রহমান মল্লিক, প্রকল্প পরিচালক,  
জিপিইউএফপি।

#### কমিটির কার্যপরিধি :

- (ক) EoI প্রস্তাবসমূহ পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮  
অনুসারে যাচাই-বাছাই করে সংক্ষিপ্ত তালিকা সম্পর্কিত  
প্রতিবেদন চেয়ারম্যান, বিসিআইসি বরাবর পেশ করবে;  
এবং
- (খ) EoI মূল্যায়নের মাধ্যমে তালিকাভুক্ত দরদাতা প্রতিষ্ঠানের  
কাছ থেকে প্রাপ্ত RFP প্রস্তাবসমূহ পিপিএ-২০০৬ ও  
পিপিআর-২০০৮ অনুসারে যাচাই-বাছাই, পরীক্ষা এবং  
মূল্যায়ন করে সুপারিশ সম্পর্কিত প্রতিবেদন চেয়ারম্যান,  
বিসিআইসি বরাবর পেশ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ফররুখ আহমদ  
উপ-প্রধান (চ.দা।)

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

কোম্পানী-১ শাখা

#### প্রজ্ঞাপন

তারিখ : ২২ মাঘ ১৪২৬/০৫ ফেব্রুয়ারি ২০২০

নং ১৪.০০.০০০০.০০৮.১২.০০৭.১৯.৮৮—বিসিএস (টেলি-  
যোগাযোগ) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে জাতীয় বেতন ক্ষেত্র,  
২০১৫ এর গ্রেড-৬ (বেতনক্রম টাকা ৩৫,৫০০—৬৭,০১০) ভুক্ত  
উপ-বিভাগীয় প্রকৌশলী/সিনিয়র সহকারী পরিচালক পদে পদোন্নতি  
প্রদানপূর্বক টেলিযোগাযোগ অধিদপ্তর (ডিওটি) ন্যস্ত করা হলো :

ক্রমিক নং	জ্যোঠার ক্রম	কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর, বর্তমান পদবি ও কর্মসূল
১	২০৪	জনাব মোহাম্মদ মামুন অর রশিদ (২৩৪২), সহকারী বিভাগীয় প্রকৌশলী, ডিওটি
২	২২২	জনাব মোঃ নজরুল ইসলাম খান (২৪১২), সহকারী প্রকৌশলী, ডিওটি, প্রেষণে বিটিসিএল
৩	২২৩	জনাব মোঃ নুরুল ইসলাম মিয়া (২৪১৪), সহকারী প্রকৌশলী, ডিওটি, প্রেষণে বিটিসিএল
৪	২২৫	জনাব মোঃ আব্দুল বাছেত (২৪২০), সহকারী প্রকৌশলী, ডিওটি, প্রেষণে বিটিসিএল
৫	২২৬	জনাব মোঃ মফিজ উদ্দিন সেক (২৪২১), সহকারী প্রকৌশলী, ডিওটি, প্রেষণে বিটিসিএল
৬	২২৭	জনাব আব্দুল্লাহ হোসেন (২৪২২), সহকারী প্রকৌশলী, ডিওটি, প্রেষণে বিটিসিএল
৭	২২৮	জনাব মোঃ জাকারিয়া ফরিদী (২৪২৪), সহকারী প্রকৌশলী, ডিওটি, প্রেষণে বিটিসিএল
৮	২২৯	জনাব মোঃ নুরুল আমিন (২৪২৫), সহকারী প্রকৌশলী, ডিওটি, প্রেষণে বিটিসিএল
৯	২৩৩	জনাব এ, এফ, এম আলাউদ্দিন আল আজাদ (২৪৩২), সহকারী প্রকৌশলী, ডিওটি, প্রেষণে বিটিসিএল

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

জেসমীন আক্তার  
উপসচিব।

#### স্বরাষ্ট্র মন্ত্রণালয়

জননিরাপত্তা বিভাগ

আইন-২ শাখা

#### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ২০ মাঘ ১৪২৬/০৩ ফেব্রুয়ারি ২০২০

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৮.০১১.১৯.১২৩—রংপুর জেলার  
তারাগঞ্জ থানার মামলা নং-০২, তারিখ : ০৮-০১-২০১৯ খ্রি-এ  
ঘটনাস্থল হতে প্রাপ্ত জন্মকৃত আলামত পরীক্ষাতে ও পুলিশী তদন্তে  
প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা সন্ত্রাস বিরোধী আইন,  
২০০৯ { (সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩) }-এর  
৬(২)/৭/৮/৯/১৩ ধারার অপরাধে জড়িত।



**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**

স্বাস্থ্য সেবা বিভাগ

শৃঙ্খলা অধিশাখা

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৮ জানুয়ারি, ২০২০

**নং ৪৫.০০.০০০০.১২২.২৭.০১২.২০২০-৮৪**—যেহেতু, ডাঃ বিভাস কুমার সাহা (১৩০৯৫৯), প্যাথলজিস্ট, সদর হাসপাতাল, নড়াইল এর বিবুদ্ধে গত ১২-০৯-২০১৯ তারিখে যৌতুক নিরোধ/ ২০১৮ আইনের ৩ ধারায় অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট এর আদালতে জিআর মামলা নং-৫৪২ সি/১৯ (জয়) দায়েরের প্রেক্ষিতে ০৫-১২-২০১৯ তারিখে অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট এর আদালতে হাজির হলে জামিন নামঞ্জুর করে তাকে জেল হাজতে প্রেরণ করা হয়;

যেহেতু, বি.এস.আর.পার্ট-১ এর ৭৩ নং বিধির নোট-২ অনুযায়ী ফৌজদারী অভিযোগে অথবা দেনার দায়ে আটক সরকারি কর্মচারী প্রেক্ষিতার হওয়ার তারিখ/জেলহাজতে প্রেরণের তারিখ হতে সাময়িক বরখাস্ত বলে বিবেচিত হবেন;

সেহেতু, ডাঃ বিভাস কুমার সাহা (১৩০৯৫৯), প্যাথলজিস্ট, সদর হাসপাতাল, নড়াইলকে বি.এস.আর.পার্ট-১ এর ৭৩ নং বিধির নোট-২ অনুযায়ী ০৫.১২.২০১৯ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল;

সাময়িকভাবে বরখাস্তকালীন তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্ত হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আসাদুল ইসলাম  
সচিব।

**আদেশাবলি**

তারিখ : ০৩ ফেব্রুয়ারি ২০২০

**নং ৪৫.০০.০০০০.১২২.০২৭.১৭১.১৯-৯৯**—যেহেতু, ডাঃ নাজমুন নাহার শাস্তা (১১২৮৬৯), রেজিস্ট্রার, রেডিয়েশন অনকোলজি বিভাগ, জাতীয় ক্যাম্পার গবেষণা ইনসিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা গত ০৫-১১-২০১৮ তারিখ হতে মোট দুই মাস বহিঃ বাংলাদেশ (অর্জিত) ছুটি ভোগ শেষে কর্মসূলে যোগদান না করে গত ১৯-০২-২০১৯ হতে ১৮-১১-২০১৯ তারিখ পর্যন্ত মোট ০৮ মাস ২৯ দিন অননুমোদিতভাবে কর্মসূলে অনুপস্থিত ছিলেন বিধায় তার বিবুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক ‘অসদাচরণ’ ও ‘পলায়ন’ এর দায়ে ২৪-১২-২০১৯ তারিখের ৪৫.০০.০০০০. ১২২.০২৭.১৭১.১৯-৭২০ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শনো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শনো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর আবেদন করেন;

যেহেতু, গত ০৮-০১-২০২০ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডাঃ নাজমুন নাহার শাস্তা (১১২৮৬৯) ব্যক্তিগত শুনানীতে সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন এবং তার বিবুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ জন্য তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, ডাঃ নাজমুন নাহার শাস্তা (১১২৮৬৯), রেজিস্ট্রার, রেডিয়েশন অনকোলজি বিভাগ, জাতীয় ক্যাম্পার গবেষণা ইনসিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা এর বিবুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) বিধি মোতাবেক ‘অসদাচরণ’ ও ‘পলায়ন’ এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয়াদি বিবেচনায় উক্ত বিধিমালার ৪(২)(খ) বিধি অনুযায়ী তার ১(এক) টি বাংলাদেশ বেতন বৃদ্ধি আগামী ০১ বছরের জন্য স্থগিত করার লক্ষ্য দণ্ড প্রদান করা হলো এবং তার বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো। তার গত ১৯-০২-২০১৯ হতে ১৮-১১-২০১৯ তারিখ পর্যন্ত মোট ০৮ মাস ২৯ দিন অননুমোদিত অনুপস্থিতির সময়কাল বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো। তিনি ভবিষ্যতে কোনো বকেয়া প্রাপ্ত সুবিধা দাবি করতে পারবেন না।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ৪৫.০০.০০০০.১২২.২৭.১৫৩.১৯-৯৫—যেহেতু, ডাঃ শারমীন আক্তার (১৩১৬৫৫), সহকারী সার্জন, শেখ হাসিনা জাতীয় বার্ন এন্ড প্লাটিক সার্জারী ইনসিটিউট, ঢাকা গত ০৬-০৮-২০১৯ তারিখ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক ‘অসদাচরণ’ এর দায়ে ১৪-১১-২০১৯ তারিখের ৪৫.০০.০০০০.১২২.২৭.১৫৩.১৯-৬৪৬ নং স্মারকে বিভাগীয় মামলা বুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন;

যেহেতু, গত ০৮-০১-২০২০ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

সেহেতু, ডাঃ শারমীন আক্তার (১৩১৬৫৫), সহকারী সার্জন, শেখ হাসিনা জাতীয় বার্ন এন্ড প্লাটিক সার্জারী ইনসিটিউট, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানী সন্তোষজনক হওয়ায় তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক ‘অসদাচরণ’ এর দায়ে অব্যাহতি প্রদান করা হলো।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ৪৫.০০.০০০০.১২২.২৭.১৫৩.১৯-৯৪—যেহেতু, ডাঃ সাকীফ শাহরিয়ার (১৩০৮৩২), সহকারী রেজিস্ট্রার (কার্ডিওলজি), জাতীয় হৃদরোগ ইনসিটিউট ও হাসপাতাল, শেরে বাংলানগর, ঢাকা গত ৩০-০৮-২০১৯ তারিখ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক ‘অসদাচরণ’ এর দায়ে ১৪-১১-২০১৯ তারিখের ৪৫.০০.০০০০. ১২২.২৭.১৫৩.১৯-৬৪৪ নং স্মারকে বিভাগীয় মামলা বুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন;

যেহেতু, গত ০৮-০১-২০২০ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

সেহেতু, ডাঃ সাকীফ শাহরিয়ার (১৩০৮৩২), সহকারী রেজিস্ট্রার (কার্ডিওলজি), জাতীয় হৃদরোগ ইনসিটিউট ও হাসপাতাল, শেরে বাংলানগর, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানী সন্তোষজনক হওয়ায় তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক ‘অসদাচরণ’ এর দায়ে অব্যাহতি প্রদান করা হলো।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ৪৫.০০.০০০০.১২২.২৭.১৫৭.১৯-৯৭—যেহেতু, ড. বুমানা আক্তার, সেবা তত্ত্বাবধায়ক, শেখ রাসেল গ্যাস্ট্রো লিভার ইনসিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা (সাবেক ডিস্ট্রিক্ট পাবলিক হেলথ নার্স, সিভিল সার্জন অফিস, সুনামগঞ্জ) গত ১১-০৩-২০১৯ তারিখে সিভিল সার্জন অফিস, সুনামগঞ্জে যোগদান করে ০৩ (তিনি) দিনের নৈমিত্তিক ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক ‘অসদাচরণ’ ও ‘পলায়ন’ এর দায়ে ১৫-১০-২০১৯ তারিখের ৪৫.০০.০০০০.১২২.২৭.১৫৭.১৯-৬৪৩ নম্বর স্মারকে বিভাগীয় মামলা বুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর আবেদন করেন;

যেহেতু, গত ০৮-০১-২০২০ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

সেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ড. বুমানা আক্তার ব্যক্তিগত শুনানীতে সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এজন্য তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, ড. বুমানা আক্তার, সেবা তত্ত্বাবধায়ক, শেখ রাসেল গ্যাস্ট্রো লিভার ইনসিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা (সাবেক ডিস্ট্রিক্ট পাবলিক হেলথ নার্স, সিভিল সার্জন অফিস, সুনামগঞ্জ) এর সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) বিধি মোতাবেক ‘অসদাচরণ’ ও ‘পলায়ন’ এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয়াদি বিবেচনায় উভ বিধিমালার ৪(২)(খ) বিধি অনুযায়ী তার ১(এক)টি বাংসরিক বেতন বৃদ্ধি আগামী ১ বছরের জন্য স্থগিত করার লক্ষ্য দণ্ড আরোপ করা হলো এবং তার বিভাগীয় মামলটি নিষ্পত্তি করা হলো। তার অনুপস্থিতিকালীন গত ১৫-০৩-২০১৯ হতে ২১-০৯-২০১৯ তারিখ পর্যন্ত সময়কে মোট ০৬ মাস ০৮ দিন বিনা বেতনে অসাধারণ ছুটি মঙ্গু করা হলো। তিনি ভবিষ্যতে এ বিষয়ে বকেয়া সুবিধাদি দাবি করতে পারবেন না।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ৪৫.০০.০০০০.১২২.০২৭.১০৯.১৯-৯৮—যেহেতু, ডাঃ জামিল সিদ্দিকী ভূইয়া (১৩১৩৪৩), মেডিকেল অফিসার, গালিমপুর উপস্থান্ত্য কেন্দ্র, বরুড়া, কুমিল্লা (প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমিশনারে, মোল্লাহাট, বাগেরহাট) গত ০১-০৫-২০১৯ তারিখ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক ‘অসদাচরণ’ ও ‘পলায়ন’ এর দায়ে ১৫-১০-২০১৯ তারিখের ৪৫.০০.০০০০.১২২.০২৭.১০৯.১৯-৫৫৪ নং স্মারকে বিভাগীয় মামলা ব্লজু করে কারণ দর্শনো নেটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শনো নেটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর আবেদন করেন;

যেহেতু, গত ০৮-০১-২০২০ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডাঃ জামিল সিদ্দিকী ভূইয়া (১৩১৩৪৩) ব্যক্তিগত শুনানীতে সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ জন্য তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, ডাঃ জামিল সিদ্দিকী ভূইয়া (১৩১৩৪৩), মেডিকেল অফিসার, গালিমপুর উপস্থান্ত্য কেন্দ্র, বরুড়া, কুমিল্লা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) বিধি মোতাবেক ‘অসদাচরণ’ ও ‘পলায়ন’ এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয়াদি বিবেচনায় উক্ত বিধিমালার ৪(২)(খ) বিধি অনুযায়ী তার ১(এক)টি বাস্তরিক বেতন বৃদ্ধি আগামী ০১ বছরের জন্য স্থগিত করার লঘু দণ্ড আরোপ করা হলো এবং তার বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো। তার গত ০১-০৫-২০১৯ হতে ০১-০৯-২০১৯ তারিখ পর্যন্ত সময়কে মোট ০৪ মাস অননুমোদিত অনুপস্থিতির সময়কাল বিনা বেতনে অসাধারণ ছুটি হিসাবে মঞ্জুর করা হলো। তিনি ভবিষ্যতে কোনো বকেয়া প্রাপ্য সুবিধা দাবি করতে পারবেন না।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আসাদুল ইসলাম  
সচিব।